গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
চিকিৎসা ও পুনর্বাসন অধিশাখা
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
প্রধান কার্যালয়, ৪১ সেগুনবাগিচা, ঢাকা
Website : www.dnc.gov.bd

মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচার বিরোধী আন্তর্জাতিক দিবস ২৬ জুন ২০২৬ উদযাপন উপলক্ষ্যে মাদকাসক্তি নিরাময় কেন্দ্র ও বেসরকারি প্রতিষ্ঠানসমূহের কর্মসূচি পালন উপ-কমিটির সভার কার্যবিবরণী:

| | | |
|---|---|---|
| সভাপতি | : | ডা: কাজী লুতফুল কবীর<br>চীফ কনসালটেন্ট (অতিরিক্ত দায়িত্ব)<br>কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, তেজগাঁও, ঢাকা |
| সভার তারিখ ও সময় | : | ১৯ মে, ২০২৬, দুপুর ২.৩০ ঘটিকা |
| সভার স্থান | : | সম্মেলন কক্ষ (লেভেল-২) |
| সভার মাধ্যম | : | জুম অনলাইন প্লাটফর্ম |

সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন এবং সদস্য সচিবকে আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করেন। সভাপতির অনুমতিক্রমে সদস্য সচিব বলেন, প্রতি বছর ২৬ জুন ২০২৬ মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচার বিরোধী আন্তর্জাতিক দিবস উদযাপন উপলক্ষ্যে সরকারি ও বেসরকারি মাদকাসক্তি নিরাময় ও পুনর্বাসন কেন্দ্রসমূহ বিভিন্ন কর্মসূচি পালন করে থাকে। অতপর সভাপতি এ বছর দিবসটির কার্যক্রম কিভাবে সুচারুপে সম্পন্ন করা যায়, সে বিষয়ে সুচিন্তিত মতামত প্রদানের জন্য সম্মানিত সদস্যদেরকে অনুরোধ করেন।

০২। সভাপতির অনুরোধের প্রেক্ষিতে কমিটির সদস্যগণ তাদের মতামত ব্যক্ত করেন এবং সকলের মতামতের ভিত্তিতে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

**সিদ্ধান্তসমূহ:**

ক) সরকারি/ বেসরকারি মাদকাসক্তি নিরাময় ও পুনর্বাসন কেন্দ্রে ভর্তিকৃত রোগীর অভিভাবক ও প্রাক্তন রোগীদের সাথে শিক্ষার্থী ও সমাজকর্মীদের সমন্বয়ে সেমিনার/ মতবিনিময় সভার আয়োজন করতে হবে (সময়: ২০-২৬ জুন/২০২৬)।

খ) সপ্তাহব্যাপি ফ্রি কাউন্সেলিং/ পরামর্শ সভার আয়োজন করতে হবে (সময়: ১৫-২৬ জুন/২০২৬)।

গ) ২৬ শে জুন/২০২৬ তারিখে সরকারি ও বেসরকারি মাদকাসক্তি নিরাময় ও পুনর্বাসন কেন্দ্রসমূহে উন্নতমানের খাবার পরিবেশন করতে হবে।

ঘ) প্রত্যেকটি বেসরকারি মাদকাসক্তি নিরাময় ও পুনর্বাসন কেন্দ্রসমূহে নিজ নিজ ব্যবস্থাপনায় প্রতিযোগিতামূলক খেলাধুলা (যেমন: লুডু, ক্যারামবোর্ড, ইনডোর গেমর্স প্রভৃতি) আয়োজন করতে হবে।

ঙ) ভর্তিকৃত রোগীদের স্ব-স্ব প্রতিষ্ঠানে মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচার বিরোধী আন্তর্জাতিক দিবস ২৬ জুন- ২০২৬ উদযাপন উপলক্ষ্যে উদ্দীপনামূলক সাংস্কৃতিক (যেমন: কবিতা আবৃত্তি, সংগীত, বিতর্ক প্রতিযোগীতা) অনুষ্ঠান আয়োজন করতে হবে।

চ) যে সমস্ত প্রতিষ্ঠানের নিরাময় কেন্দ্র লাইসেন্স এবং NGO লাইসেন্স রয়েছে, সেসকল প্রতিষ্ঠান ২৬ শে জুন/২০২৬ উপলক্ষ্যে অধিদপ্তর কর্তৃক প্রেরিত আবশ্যিকভাবে নির্দিষ্ট মাপ ও ডিজাইন মোতাবেক প্রস্তুতকৃত ব্যানার নিয়ে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সংশ্লিষ্ট জেলা/ মেট্রো: কার্যালয় কর্তৃক আয়োজিত র‍্যালী ও আলোচনা সভায় অংশগ্রহণ করবে। পাশাপাশি জেলা/ মেট্রো কার্যালয়ের সাথে সমন্বয় পূর্বক নিজস্ব কর্মসূচী পালন করতে হবে।

ছ) চিকিৎসাপ্রাপ্ত মাদকাসক্ত রোগীদের মনোভাব/ ভবিষৎ পরিকল্পনা লিপিবদ্ধ করে প্রতিটি মাদকাসক্তি নিরাময় ও পুনর্বাসন কেন্দ্রে কমপক্ষে একটি করে দেয়ালবোর্ডে প্রকাশ করতে হবে।

জ) সফল রিকোভারী এডিক্টদের মাধ্যমে প্রতিটি মাদকাসক্তি নিরাময় ও পুনর্বাসন কেন্দ্রে "সফল ইতিহাসের গল্প বলা" শীর্ষক প্রোগ্রাম আয়োজন করতে হবে।

ঝ) ২৬ জুন ২০২৬ উদযাপন উপলক্ষ্যে প্রতিটি সরকারি ও বেসরকরি মাদকাসক্তি নিরাময় কেন্দ্র বৃক্ষরোপন কর্মসূচী পালন করবেন (নিরাময় কেন্দ্রের ভিতরে/ বাহিরে যেকোনো উপর্যুক্ত স্থানে)

ঞ) সকল আয়োজনসমূহ শুধুমাত্র সরকারি ও বেসরকারি লাইসেন্সপ্রাপ্ত মাদকাসক্তি নিরাময় ও পুনর্বাসন কেন্দ্রসমূহকে প্রতিপালন করতে হবে।

৩। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২০/০৫/২৬

(ডা: কাজী লুতফুল কবীর)
চীফ কনসালটেন্ট (অতিরিক্ত দায়িত্ব)
কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, তেজগাঁও, ঢাকা
ও
আহ্বায়ক সংশ্লিষ্ট উপকমিটি

নং-৫৮.০২.০০০০.০০০.০০৮.০১৮.০০৯.১৯- ৫৮

তারিখ: ০৬ জ্যৈষ্ঠ, ১৪৩৩
২০ মে, ২০২৬

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। পরিচালক (প্রশাসন/অপারেশনস্/নিরোধ শিক্ষা/চিকিৎসা ও পুনবার্সন), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা
২। অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, ঢাকা/ চট্টগ্রাম/ খুলনা/ রাজশাহী/ ময়মনসিংহ/ রংপুর/ সিলেট/ বরিশাল
৩। ডাঃ মোঃ রাহেনুল ইসলাম, রেসিডেন্ট সাইকিয়াট্রিস্ট, কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, তেজগাঁও, ঢাকা
৪। উপপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ঢাকা মেট্রো: উত্তর/ দক্ষিণ কার্যালয়, ঢাকা
৫। উপপরিচালক (নিরোধ শিক্ষা), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা
৬। উপপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, ঢাকা
৭। উপপরিচালক, কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, তেজগাঁও, ঢাকা
৮। প্রোগ্রামার, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)
৯। মহাপরিচালকের স্টাফ অফিসার, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
১০। অতিরিক্ত মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর. ঢাকা (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
১১। অফিস কপি/ মাস্টার ফাইল।

20.05.2026

( মো: জাকির হোসেন )
সহকারী পরিচালক (চিকিৎসা ও পুনর্বাসন)
ও
সদস্য সচিব, সংশ্লিষ্ট উপকমিটি